**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**নর্থ গুলশান শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে,ঋণগ্রহীতা প্রতিষ্ঠান ব্রিলিয়ান্স টেক্সটাইল মিলস লিঃ , ঠিকানা- নগর পাঁচদোনা, পোঃ পাঁচদোনা, থানা-নরসিংদী সদর, জেলা-নরসিংদী, ঠিকানা-বাড়ী নং-১২১, রোড নং-০১, ডিওএইচএস, বারিধারা, পোঃ ক্যান্টনমেন্ট-১২০৬, থানা-ক্যান্টনমেন্ট, জেলা-ঢাকা-১২০৬, এবং এপার্টমেন্ট- ৪বি, বাসা নং- ১৪১, রোড- ১, বারিধারা ডিওএইচএস, ঢাকা এর পক্ষে জনাব আল সোহান সিদ্দিকী, (ব্যবস্থাপনা পরিচালক, ব্রিলিয়ান্স টেক্সটাইল মিলস লিঃ), পিতা-রেজাউল ইসলাম, মাতা-শিউলী বেগম, ঠিকানা-বাড়ী-১৪৫, বালিয়াপুকুর, শেরইল, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী-৬১০০, ঠিকানাঃ বাড়ী-৩৬০, রোড-২৭, ঢাকা ক্যান্টনমেন্ট, পোঃ বক্স-১২০৬, ঢাকা, এবং ঠিকানাঃ গ্রাম/রাস্তাঃ পাইকপাড়া, ডাকঘরঃ বাঘারপাড়া, পোঃ বক্স-৭৪৭০, জেলাঃ যশোর, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নর্থ গুলশান শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১১,৬৮,০৩,০০২.০২ (এগার কোটি আটষট্টি লক্ষ তিন হাজার দুই টাকা এবং দুই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

**Schedule-1**

District- Narsingdi, Police Station & Sub-Registrar Office-Narsingdi Sadar, **Mouza-Sabek Chhoto Pachdona**, **Hal- Dakkhin Kongshardi, J.L. No**. C.S. 261, S.A. 26, R.S. 22, having the following Khatian and respective Plot Nos.:

| Khatian Nos. | | | | Plot Nos. | | Jote Nos. | Area of land |
|---|---|---|---|---|---|---|---|
| C.S. | S.A. | R.S. | Mutation | C.S. & S.A. | R.S. | 204 & 214 | 10 (ten) decimals |
| 8 | 7 | 49 & 59 | 204 & 214 | 20 | 291 | | |

**Schedule-2**

District- Narsingdi, Police Station & Sub-Registrar Office- Narsingdi Sadar, **Mouza- Nagar Pachdona, J.L. No.** C.S. 260, S.A. 25, R.S. 20, having the following Khatian and respective Plot Nos.:

| Khatian Nos. | | | | Plot Nos. | | Jote Nos. | Area of land |
|---|---|---|---|---|---|---|---|
| C.S. | S.A. | R.S. | Mutation | C.S. & S.A. | R.S. | 240 | 22.50 (twenty two point five zero) decimals |
| 39 | 9 | 59 | 240 | 119 | 234 | | |
| 48 | 41 & 39 | 80 & 25 | 275 & 206 | 123 | 235 | 275 & 206 | 10 (ten) decimals |

Schedule 1 & 2 total area of land **42.50 (Forty two point five zero) decimals along with a 2 storied building and 8000 sft. Industrial shed constructed or to be constructed thereon**, machinery & equipments (already installed or to be installed in future) including all right of easement appertaining thereto. **Butted & bounded by:** on the north- Ridom Textile Mills Ltd., on the south- Ridom Textile Mills Ltd., on the east Ridom Textile Mills Ltd. and on the west- Mr. Shahriar Mamud, Connecting Road & Ridom Textile Mills Ltd.

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ১৫.০১.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নর্থ গুলশান শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নর্থ গুলশান শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ  দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নর্থ গুলশান শাখা।**